



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএভআ/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব আব্বাস উদ্দিন-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র : (১) প্রধান শিক্ষক, কাতুলী ইউনিয়ন উচ্চ বিদ্যালয় কর্তৃক জনাব আব্বাস উদ্দিন-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব আব্বাস উদ্দিন-কে চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগনামা- (১) চারিত্রিক স্থলন (অত্র বিদ্যালয়ের ছাত্রীদের সাথে অনৈতিক সম্পর্ক স্থাপন ও গণপিটুনির শিকার হওয়া); (২) সহকারী শিক্ষক-কর্মচারীদের সাথে অসদাচরণ ও অশালীন ভাষা প্রয়োগ; (৩) সঠিকভাবে ক্লাশে পাঠদান না করা; (৪) অবৈধভাবে প্রাইভেট/কোচিং করানো ইত্যাদি বিষয়ে চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে। উক্ত অভিযোগ এবং দাখিলকৃত প্রামাণ্য পত্রাদি যথাযথ না হওয়ায় বিস্তারিত পর্যালোচনার পর আপীল এন্ড আরবিট্রেশন কমিটি ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি অনুমোদন করেনি।

২। এমতাবস্থায়, বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব আব্বাস উদ্দিন-কে স্বপদে পুনর্বহাল করা হলো এবং পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে প্রাপ্য বকেয়া পরিশোধ করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি
কাতুলী ইউনিয়ন উচ্চ বিদ্যালয়
পোঃ- চৌবাড়ীয়া, উপজেলা- সদর
জেলা- টাঙ্গাইল।


স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

মেমো নং- ১২২৫ (১০)


তারিখ : ২০/১২/১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সদর, টাঙ্গাইল।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৬। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৭। প্রধান শিক্ষক, কাতুলী ইউনিয়ন উচ্চ বিদ্যালয়।
- ৮। আব্বাস উদ্দিন, সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), কাতুলী ইউনিয়ন উচ্চ বিদ্যালয়।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা


২০/১২/১৯